একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-২

নং-৪৪.০০.০০০০.০৩৯.১৬.০০৭.১২-৮৫০ ২৭ আগস্ট, ২০১২

পরিপত্র

বিষয় ঃ পাসপোর্টে "No Visa Required for Travel to Bangladesh (NVR)" সীল প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮০, তারিখ ঃ ১৯ অক্টোবর ২০০৬
২) স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫১৪, তারিখ ঃ ০৪ এপ্রিল ২০০৭
৩) স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৫, তারিখ ঃ ১৯ আগষ্ট ২০১০
৪) ৪৪.০০.০০০০.০৩৯.১৬.০০৬.১২-২৫২; তারিখ ঃ ১৪ মার্চ, ২০১২

উপর্যুক্ত সূত্রসমূহে বর্ণিত বিষয়ে জারীকৃত পরিপত্র নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হ'ল:

২। এ পরিপত্রে নিম্নবর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশন বাংলাদেশী বংশোদ্ভূত বিশ্বের যে কোন দেশের নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তি, আদিসূত্রে বাংলাদেশী ও তাঁদের স্বামী/স্ত্রী/সন্তান এবং বাংলাদেশী নাগরিকের বিদেশী স্বামী/স্ত্রী ও তাঁদের সন্তানদের বাংলাদেশে আগমন ও অবস্থান সহজতর করার জন্য তাঁদের বিদেশী পাসপোর্টে "No visa required for travel to Bangladesh, (অতঃপর NVR বলে অভিহিত)" সীল প্রদান করতে পারবে ঃ

৩। *শর্তাদি:*

(১) সার্কভুক্ত দেশসমূহ ব্যতীত, বিশ্বের যে কোন দেশের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশী বংশোদ্ভূত ব্যক্তি ও তাঁর স্বামী/স্ত্রী/সন্তানদের ক্ষেত্রে :

(ক) দ্বৈত নাগরিকত্ব সনদপত্র অথবা বাংলাদেশী পাসপোর্ট অথবা বিদেশী নাগরিকত্ব গ্রহণের পূর্বে ইস্যুকৃত বাংলাদেশী পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জন্ম সনদ/নাগরিকত্বের প্রত্যয়নপত্র;

(খ) বিদেশী পাসপোর্ট/নাগরিকত্ব সনদ এবং

(গ) পুলিশের অনুকূল প্রতিবেদন ।

(২) সার্কভুক্ত দেশসমূহ ব্যতীত, আদিসূত্রে বাংলাদেশী এবং বর্তমানে বিদেশী নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তির বিদেশী স্বামী/স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে :

ক) পিতা/মাতা/স্বামী/স্ত্রী'র বৈধ বাংলাদেশী পাসপোর্ট/দ্বৈত নাগরিকত্বের সনদ অথবা বিদেশী নাগরিকত্ব গ্রহণের পূর্বে ইস্যুকৃত পিতা/মাতা/স্বামী/স্ত্রীর বাংলাদেশী পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত পিতা/ মাতা/স্বামী/স্ত্রী'র জন্ম সনদ/ নাগরিকত্বের প্রত্যয়নপত্র;

খ) বিদেশী পাসপোর্ট/নাগরিকত্ব সনদ;

গ) পিতা/মাতা/স্বামী/স্ত্রী কর্তৃক আবেদনকারীর অনুকূলে স্বামী/স্ত্রী ও সন্তান মর্মে প্রদত্ত হলফনামা এবং

ঘ) পুলিশের বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

(৩) বাংলাদেশী নাগরিকের বিদেশী স্বামী/স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে ঃ

ক) পিতা/মাতা/স্বামী/স্ত্রী'র বৈধ বাংলাদেশী পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/স্বামী/স্ত্রীর জন্ম সনদ/ নাগরিকত্বের সনদপত্র;

খ) বিদেশী পাসপোর্ট/নাগরিকত্ব সনদ;

গ) বিবাহের সনদপত্র;

ঘ) পিতা /মাতা/স্বামী/স্ত্রী কর্তৃক বিদেশী স্বামী/স্ত্রী/সন্তানদের অনুকূলে প্রদত্ত সম্পর্ক নির্ণায়ক হলফনামা এবং

ঙ) পুলিশের বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

(৪) ইউরোপ, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, কানাডা ও নিউজিল্যান্ডের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশীদের বিদেশী পাসপোর্টে "No visa required for travel to Bangladesh (NVR)" গ্রহণের ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হবে না। তবে আবেদনকারীর বাংলাদেশী নাগরিকত্ব প্রমাণের জন্য সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র/বাংলাদেশী পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ/স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

৪। অনুচ্ছেদ ৩(৪) এ বর্ণিত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের সংশ্লিষ্ট দূতাবাস থেকে তদন্তের জন্য প্রাপ্ত আবেদন পত্রটির উপর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পুলিশের বিশেষ শাখা তদন্ত কাজ সম্পন্নপূর্বক প্রতিবেদন দাখিল করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন না পাওয়া গেলে সংশ্লিষ্ট সংস্থার কোন আপত্তি নেই মর্মে গণ্য করা হবে।

৫। পাসপোর্টের মেয়াদ যতদিন থাকবে "No visa required for travel to Bangladesh" সুবিধা ততদিন বহাল থাকবে এবং পাসপোর্ট বাতিল হলে উক্ত সুবিধাও বাতিল বলে গণ্য হবে। বিদ্যমান "No visa required for travel to Bangladesh" সীল বর্তমান কিংবা নতুন পাসপোর্টে প্রদানের ক্ষেত্রে মাথাপিছু ৫০ (পঞ্চাশ) মার্কিন ডলার অথবা সমপরিমান অর্থ ফি বাবদ প্রদান করতে হবে।

৬। বাংলাদেশে কোন ভারী শিল্পে অথবা দীর্ঘ মেয়াদে কোন শিল্পে/ব্যবসায় কমপক্ষে ০৫(পাঁচ) মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগকারী বিদেশী "No visa required for travel to Bangladesh" সুবিধা পাবেন।

৭। এই পরিপত্র কার্যকর হওয়ার সাথে সাথে "No visa required for travel to Bangladesh" সংক্রান্ত জারীকৃত পূর্বের সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৭.০৮.১২
(ড. শাহিদা আকতার)
উপসচিব
ফোন ঃ ৭১৬৮৬৯২।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব -- (সংশ্লিষ্ট সকল)।
৪। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণক্রমে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
৬। বাংলাদেশ দূতাবাস/ মিশন --------------------------------(সকল)।
৭। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা
৯। মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো, ঢাকা।
১০। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ধানমন্ডি, ঢাকা।
১১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
১৩। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা।
১৪। প্রেসিডেন্ট, এফআইসিসিআই, গুলশান-২, ঢাকা।